

স্মারক নম্বর: উশিঅ/চট্ট/সম্ব/৪১১/১৫৪

তারিখ: ১১/০৮/২০২২ খ্রিঃ।

বিষয় : ৫-১১ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড- ১৯ ভ্যাকসিনেশন নিমিত্তে ডিজিটাল জন্ম নিবন্ধন (১৭ ডিজিট) সম্পন্ন করণ ও তা দ্বারা সুরক্ষা ওয়েবসাইট অ্যাপ এ রেজিস্ট্রেশন নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সূত্র: পরিচালক, (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা মহোদয়ের স্মারক নম্বর:
৩৮.০১.০০০০.৪০০.৯৯.০০১.২১.২৬৬, তারিখ: ০৭/০৮/২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সরকার ৫-১১ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা প্রদানের পরিকল্পনা গ্রহন করেছেন। এ উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে আগামী ২৫/০৮/২০২২ খ্রি: তারিখের মধ্যে আপনার বিদ্যালয়ে অধ্যয়নরত সকল শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন নম্বর (১৭ ডিজিট) দিয়ে সুরক্ষা অ্যাপে নিবন্ধন করার বিষয়ে জরুরী ভিত্তিতে নিম্নরূপ কার্যক্রম গ্রহন করতে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

ক. বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও প্রধান শিক্ষকগণ শিক্ষার্থীদের অভিভাবকগণকে অবহিত করবেন, তাদের দ্রুততার সাথে নিবন্ধনের অনুরোধসহ প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করবেন।

খ. যে সকল শিক্ষার্থীদের ডিজিটাল নিবন্ধন (১৭ ডিজিট) নেই তাদের জন্ম নিবন্ধন অবিলম্বে সম্পন্নকরণ ও তাদের সুরক্ষা ওয়েবসাইট অ্যাপ এ রেজিস্ট্রেশন নিশ্চিত করবেন।

গ. প্রধান শিক্ষকগণ আগামী ১৪/০৮/২০২২ খ্রি: তারিখ হতে প্রতিদিন বেলা ১২.০০ ঘটিকার মধ্যে নিম্ন বর্ণিত ছকে তার বিদ্যালয়ের প্রতিবেদন সংশ্লিষ্ট সহকারী উপজেলা শিক্ষা অফিসারের নিকট দাখিল করবেন।

বিদ্যালয়ের নাম	অধ্যয়নরত শিক্ষার্থীর সংখ্যা	সুরক্ষা ওয়েবসাইট অ্যাপ এ রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীর সংখ্যা	সুরক্ষা ওয়েবসাইট অ্যাপ এ রেজিস্ট্রেশন করেনি এমন শিক্ষার্থীর সংখ্যা	মন্তব্য

ঘ. সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ স্ব-স্ব ক্লাস্টারধীন বিদ্যালয় সমূহের শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকার জন্য নিবন্ধন নিশ্চিতকল্পে প্রয়োজনীয় সহায়তা ও তদারকি কার্যক্রম গ্রহন করবেন।

ঙ. সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ তার আওতাধীন ক্লাস্টার / ক্লাস্টারসমূহের প্রতিবেদন আগামী ১৪/০৮/২০২২ খ্রি: তারিখ হতে প্রতিদিন বেলা ২.০০ ঘটিকার মধ্যে নিম্ন বর্ণিত ছকে উপজেলা শিক্ষা অফিসারের নিকট দাখিল করবেন।

ক্লাস্টার / ক্লাস্টারসমূহের নাম	অধ্যয়নরত শিক্ষার্থীর সংখ্যা	সুরক্ষা ওয়েবসাইট অ্যাপ এ রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীর সংখ্যা	সুরক্ষা ওয়েবসাইট অ্যাপ এ রেজিস্ট্রেশন করেনি এমন শিক্ষার্থীর সংখ্যা	মন্তব্য

বিতরণ:

- ১। সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সন্দ্বীপ, চট্টগ্রাম।
- ২। প্রধান শিক্ষক-----সপ্রাবি, সন্দ্বীপ, চট্টগ্রাম।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
- ২। অফিস কপি।

মোহাম্মদ খোরশেদ আলিম
উপজেলা শিক্ষা অফিসার
সন্দ্বীপ, চট্টগ্রাম।
৩১/৮/২২